দৈনিক ইনকিলাব

তারিখ 27 APR 2009
পৃষ্ঠা ২ কলাম ৮

নয়াদিগন্তে প্রকাশিত সংবাদের প্রতিবাদে ১২ জন আলেম

# কওমী মাদ্রাসার ছাত্ররা কাজ না পেয়ে জঙ্গীতে পরিণত হওয়ার কোন সুযোগ নেই

স্টাফ রিপোর্টার ঃ মাগুরা জেলার বিশিষ্ট ১২ জন আলেম গতকাল এক বিবৃতিতে মাগুরা জেলার জঙ্গী প্রতিরোধ কমিটির বরাতে দৈঃ নয়াদিগন্তে 'কওমী মাদ্রাসার ছাত্ররা কাজ-কর্ম না পেয়ে আত্মঘাতী জঙ্গীতে পরিণত হয়' শীর্ষক প্রকাশিত সংবাদের তীব্র প্রতিবাদ করেছেন। গতকাল প্রদত্ত বিবৃতিতে আলেমগণ বলেন, কওমী শিক্ষিত কোন আলেম বেকার নেই; বরং আরো চাহিদা আছে। অথচ সাধারণ শিক্ষায় শিক্ষিত লাখ লাখ ছাত্র বেকার ঘুরে বেড়াচ্ছে। তারা বলেন, কওমী মাদ্রাসায় এখন অনেক ধনীর সন্তানও লেখাপড়া করে। জনগণের অর্থে এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের পরিচালনায় মাদ্রাসা পরিচালিত হয়ে থাকে। এ পরিস্থিতিতে কওমী মাদ্রাসার ছাত্রদের জঙ্গীতে পরিণত হওয়ার কোন সুযোগ নেই। বিবৃতিতে আলেমগণ বলেন, আম গাছে যেমন কাঁঠাল হয় না তেমনি কওমী মাদ্রাসায় জঙ্গী হয় না। বরং কওমী মাদ্রাসায় জঙ্গীবিরোধী আলেম তৈরী হয়।

বিবৃতিতে বলা হয়, মাগুরা জেলার জঙ্গী প্রতিরোধ কমিটির সভায় এমন একটি উদ্ভট অভিযোগের কোন ভিত্তি নেই, কোন সত্যতাও নেই।

বিবৃতিতে স্বাক্ষরকারীরা হলেন ঃ মাওলানা আমজাদ হুসাইন পীর সাহেব, কুশাবাড়ীয়া, মাওলানা ঃ শাহ সাইফুল্লাহ, দেশ মুখপাড়া মাদ্রাসা, মাওলানা কাজী জবের (ভাতালা), ধলহরা মাদ্রাসা, হাফেজ মাওলানা হাসিবুল্লাহ সাহেব, পৌর গোরস্থান মাদ্রাসা, মাওলানা মুফতি আব্দুল হক আড়পাড়া মাদ্রাসা, মাওলানা আতাহিরুল ইসলাম, পানি ভবন মাদ্রাসা, মাওলানা মুনিরুল ইসলাম, নতুন বাজার মাদ্রাসা, মাওলানা নরীমাতুল্লাহ সাহেব, গোপালগ্রাম মাদ্রাসা, মাওলানা মুফতি এনামুল হাসান, শত্রুজিৎপুর মাদ্রাসা, হাফেজ মুনিরুল ইসলাম, কাশুপাড়া মাদ্রাসা, মাওলানা ফখরুল ইসলাম, বিশ্বপুর মাদ্রাসা ও হাফেজ রেজাউল করিম, শালিখা কামি মাদ্রাসা।